

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা, রাজশাহী, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, দিনাজপুর, বাংলাদেশ মাদরাসা ও

কারিগরি শিক্ষা বোর্ড

আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপকমিটি

স্মারক নং-আশিবোপনিউক/২০০৯/১৫৩

তারিখ : ১৮.০৯.২০১৬

বিষয় : এসএসসি ও দাখিল এবং এইচএসসি ও আলিম পরীক্ষা ২০১৭ এর পরীক্ষার সময় বিভাজন সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পার্ট্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক ২০১৭ সাল থেকে এসএসসি ও দাখিল এবং এইচএসসি ও আলিম পরীক্ষার নম্বর বন্টন পরিবর্তন করায় উল্লিখিত পরীক্ষার নিম্নরূপ সময় বিভাজন করা হলো:

\* ৩০ নম্বরের বহুনির্বাচনী (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ৩০ মিনিটি এবং ৭০ নম্বরের সৃজনশীল (CQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২ ঘণ্টা ৩০ মিনিট।

\* ২৫ নম্বরের বহুনির্বাচনী (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২৫ মিনিটি এবং ৫০ নম্বরের সৃজনশীল (CQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২ ঘণ্টা ৩০ মিনিট।

\* পরীক্ষা বিরতিহীন ভাবে প্রশ্নপত্রে উল্লেখিত সময় পর্যন্ত চলবে। MCQ এবং CQ উভয় অংশের পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।

ক। সকাল ১০.০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে

সকাল ০৯.৪৫ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনী OMR শিট বিতরণ

সকাল ১০.০০ টা বহুনির্বাচনী প্রশ্নপত্র বিতরণ

সকাল ১০.৩০ মি. বহুনির্বাচনী উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ

(২৫ নম্বরের বহুনির্বাচনী পরীক্ষার ক্ষেত্রে এ সময় ১০.২৫ মি.)

খ। দুপুর ০২.০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে

দুপুর ০১.৪৫ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনী OMR শিট বিতরণ

দুপুর ০২.০০ টা বহুনির্বাচনী প্রশ্নপত্র বিতরণ

দুপুর ০২.৩০ মি. বহুনির্বাচনী উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ

(২৫ নম্বরের বহুনির্বাচনী পরীক্ষার ক্ষেত্রে এ সময় দুপুর ০২.২৫ মি.)

কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা, কক্ষপরিদর্শক, পরীক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত সময় বিভাজন যথাযথ ভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

তপন কুমার সরকার

আহ্বায়ক

আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ কমিটি

ও

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৬৯৮১৫